গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০০৩.১১.০৯২.২০-২১৪ তারিখঃ ১১/০৪/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের নামের পার্শ্বে বর্ণিত বেতন স্কেল অনুযায়ী সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/npo এবং http://npo.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল (জা.বে. স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | (১১৩০০-২৭৩০০/-) (গ্রেডঃ-১২) | ০৩ (তিন)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, পরিসংখ্যান, ভূগোল, গণিত ও সমাজবিজ্ঞানে স্নাতক ডিগ্রী। | ঢাকা, মুন্সীগঞ্জ, শরিয়তপুর, রাজবাড়ী, মাদারীপুর, ফরিদপুর, নারায়নগঞ্জ. টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, ফেনী, খাগড়াছড়ি, চাঁদপুর, কক্সবাজার, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও,যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলা।<br><br>তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০২ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | (১১০০০-২৬৫৯০/-) (গ্রেডঃ ১৩) | ০১ (এক)টি | (ক) স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ।<br>(খ) সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ১০০ ও ৭০ শব্দের গতিসম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতিসহ | |
| ০৩ | সহকারী গ্রন্থাগারিক | (১১০০০-২৬৫৯০/-) (গ্রেডঃ-১৩) | ০১ (এক)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং গ্রন্থাগার বিজ্ঞানে সরকার কর্তৃক স্বীকৃত কোন ইনষ্টিটিউট হতে ডিপ্লোমা বা প্রশিক্ষণপ্রাপ্ত। | |
| ০৪ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | (১০২০০-২৪৬৮০/-) (গ্রেডঃ-১৪) | ০৩ (তিন)টি | (ক) স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ।<br>(খ) সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৬০ শব্দের গতিসম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতিসহ | |
| ০৫ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | (৯৩০০-২২৪৯০/-) (গ্রেডঃ ১৬) | ০৪ (চার)টি | (ক) স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসহ | |
| ০৬ | বিল করণিক | (৯৩০০-২২৪৯০/-) (গ্রেডঃ ১৬) | ০১ (এক)টি | স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ। | |
| ০৭ | অফিস সহায়ক | (৮২৫০-২০০১০/) (গ্রেডঃ-২০) | ০১ (এক)টি | শারীরিক দক্ষতাসহ অষ্টম শ্রেণী পাশ। | চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম,লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলা।<br><br>তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

০২। **নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

(১) প্রার্থীকে http://npo.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে।

(২) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

(ক) আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬-০৪-২০২৩খ্রি. সকাল ০৯.০০ টা

ii. Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় ১৬-০৫-২০২৩খ্রি. বিকাল ৫.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষাসংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copyতে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেওয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ "পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী" পদে ৩০০/-(তিনশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ৩৪/- (চৌত্রিশ) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা, "সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর", "সহকারী গ্রন্থাগারিক", "সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর", "অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক", ও "বিল করণিক" পদে ২০০/-(দুইশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/- (তেইশ) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং " অফিস সহায়ক" পদে ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/-(বার) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ১১২/-(একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: **NPO<space>User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **NPO ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name, Tk. 334/223/112 will be charged as application fee, Your PIN is xxxxxxxxx,

**দ্বিতীয় SMS**: **NPO<space>YES<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **NPO YES 12345678** & send to 16222

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for **NPO** Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://npo.teletalk.com.bd অথবা এনপিও এর ওয়েবসাইট: www.npo.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Onlineআবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন করতে হবে।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User IDএবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে: NPO<space>Help<space>User<space>User ID** & Send to 16222.
Example: **NPO HELP USER ABCDEF** & Send to 16222

ii. **PIN Number জানা থাকলে: NPO<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.
Example: **NPO HELP PIN 12345678** &Send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকা ছাড়াও: www.npo.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletalk.com.bd/npo এবং http://npo.teletalk.com.bd) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে ও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.npo.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা https://alljobs.query@teletalk.com.bd ও aminulnpo@gmail.comই-মেইলে, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। ই-মেইল/মেসেজে এর subject-এ Organization Name: NPO, Post.Name: *****, Applicant's user ID ও contact Number অবশ্যই উল্লেখ করতে হবে। আবেদনে উল্লিখিত শেষ তারিখ ও সময়ের পর আবেদন সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

(ট) Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(৩) **বয়সসীমা:**

ক) ১৬-০৪-২০২৩ খ্রি. তারিখে আবেদনকারীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে যথাক্রমে ১৮-৩০ বৎসর। তবে আবেদনকারীর বয়স ২৫.০৩.২০২০খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর পর্যন্ত।

গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৪) **জাতীয়তা:**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(৫) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রর্দশন করতে হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

ক) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ খ্রি. তারিখের মুঃবিঃমঃ/সনদ-১প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১ খ্রি. পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ২ কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি দাখিল করতে হবে। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের উপযুক্ত পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

গ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

ঙ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

চ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রীকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

(৭) ৬ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি ও ছবি মৌখিক পরীক্ষার সময় মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না ।

(৮) অনলাইন-এ পূরণকৃত আবেদনপত্রে বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

(৯) কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। তবে তথ্য গোপন রেখে আবেদন করলে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না এবং ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

(১১) প্রার্থী কর্তৃক উল্লিখিত স্থায়ী ঠিকানার জেলার প্রার্থী হিসাবে পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

(১২) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

(১৩) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৪) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

(১৫) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি www.npo.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

(১৬) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৮) ২৯-০১-২০২০ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লেখিত পদের জন্য যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(১৯) **ডিক্লারেশন:** প্রার্থীকে Online-এ আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোছা: আবিদা সুলতানা)
ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা
এনপিও